বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ০৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে মামলার শুনানির বিষয়ে গণমাধ্যমে অসত্য ও বিভ্রান্তিকর সংবাদ প্রচার।

অদ্য ৪ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ/১৯ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির নেতৃত্বে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ বেঞ্চে মামলার কার্যতালিকার ১ নম্বর ক্রমিকে থাকা S.M. Aminuzzaman Faruk and ors. vs International Crimes Tribunal (Criminal Appeal 8/2024) মামলা দীর্ঘ সময় ধরে শুনানি হয়। উক্ত মামলার শুনানিতে রাষ্ট্রপক্ষে বিজ্ঞ চীফ প্রসিকিউটর জনাব মোঃ আমিনুল ইসলাম অংশগ্রহণ করেন। এ সময় বিজ্ঞ অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল জনাব মোহাম্মদ অনীক রুশদ হকসহ অন্যান্য বিজ্ঞ আইনজীবীবৃন্দ উপস্থিত ছিলেন। আদালত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কেউ উপস্থিত ছিলেন না। উক্ত মামলা শুনানির সময় বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী "সংক্ষিপ্ত রায়ে, কাদের মোল্লার ফাঁসি ছিল ইতিহাসের নিকৃষ্টতম ঘটনা"/"কাদের মোল্লার ফাঁসির রায় ইতিহাসের নিকৃষ্টতম ঘটনা" মন্তব্য করেছেন মর্মে অসত্য, বিভ্রান্তিকর ও মনগড়া সংবাদ গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। প্রকৃতপক্ষে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী উক্ত মামলা শুনানির সময় এ ধরনের কোনো মন্তব্য করেননি।

গণমাধ্যমে এ ধরনের অসত্য ও বিভ্রান্তিকর সংবাদ প্রচার দেশের সর্বোচ্চ আদালত সম্পর্কে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করে এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুণ্ন করে। দেশের সর্বোচ্চ আদালত সম্পর্কে অসত্য ও বিভ্রান্তিকর সংবাদ পরিবেশন আদালত অবমাননার শামিল। এ ধরনের সংবাদ প্রকাশ বা প্রচারের পূর্বে সংশ্লিষ্ট গণমাধ্যমকর্মী কর্তৃক যথাযথভাবে সংবাদের সঠিকতা যাচাই করা হলে এরূপ অনভিপ্রেত পরিস্থিতির উদ্ভব হতো না।

১৯/১১/২৬

(মোঃ শফিকুল ইসলাম)
গণসংযোগ কর্মকর্তা
আপীল বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট